

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক যেসকল সেবা দেওয়া হয় (সিটিজেন চার্টার)

নিরাপদ পানি সরবরাহ কার্যক্রমঃ

- ১) পৌর এলাকার জনগনের বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষে পৌর এলাকার প্রয়োজন অনুযায়ী প্রকল্প গ্রহন সাপেক্ষে উৎপাদক নলকূপ, ওভারহেডেড ট্যাংক, আয়রন রিমোভাল প্লান্ট, পাইপ লাইন ও পানির অন্যান্য অবকাঠামো নির্মান।
- ২) গ্রামীণ জনগনের সুপেয় পানির চাহিদা পূরনের লক্ষে প্রতি বছর এডিপি ও রাজস্ব বরাদ্দ হতে সমগ্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন ধরনের পানির উৎস যেমনঃ গভীর নলকূপ, অগভীর নলকূপ, তারা নলকূপ, রিংওয়েল, বৃষ্টির পানি সংরক্ষণাগার ইত্যাদি স্থাপন।
- ৩) পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম বাস্তবায়ন করে গ্রামীণ জনগনের সুপেয় পানির চাহিদা পূরণ।
- ৪) পানির উৎসসমূহ স্থাপনের পর মেরামত ও রক্ষনাবেক্ষনের জন্য তত্ত্বাবধায়কদের প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন।
- ৫) দপ্তরীয় দক্ষ জনবল দ্বারা সাময়িকভাবে অচল পানির উৎস মেরামত করে সচল করা।
- ৬) ফিল্ড কিটস এর মাধ্যমে প্রাথমিকভাবে বিনামূল্যে পানির বিভিন্ন উৎসে বিদ্যমান আর্সেনিকসহ বিভিন্ন প্যারামিটার পরীক্ষা করণ।
- ৭) পানির উৎসসমূহ স্থাপনে জনসাধারণকে কারিগরি পরামর্শ প্রদান।

স্যানিটেশন কার্যক্রমঃ

- ১) প্রকল্প গ্রহন সাপেক্ষে পৌর এলাকার বর্জ্য, ময়লা ও বৃষ্টির পানি অপসারণের জন্য নর্দমা নির্মান।
- ২) স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নের লক্ষে মান সম্মত ল্যাট্রিন নির্মানের জন্য দপ্তরীয় জনবল দ্বারা রিং-স্লাব তৈরী ও সুলভমূল্যে বিক্রয়।
- ৩) হত দরিদ্র পরিবারের মধ্যে বিনামূল্যে স্যানিটারী ল্যাট্রিন বিতরণ।
- ৪) মান সম্পন্ন ল্যাট্রিন সেট নির্মানের জন্য ব্যক্তি মালিকানায় স্থাপিত উৎপাদনকারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন।
- ৫) স্বল্পমূল্যে স্যানিটারী ল্যাট্রিন স্থাপনের কৌশল ও রক্ষনাবেক্ষনের বিষয়ে জনগনকে ধারণা প্রদান।
- ৬) জনগনের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষে ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা, পরিষ্কার পরিচ্ছন্নতা, হাত ধোয়া ইত্যাদি বিষয়ে জনসাধারণকে সচেতন করা।

অন্যান্যঃ

- ১) আপদকালীন সময়ে যেমনঃ বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ইত্যাদি আক্রান্ত এলাকায় স্থানীয় প্রশাসনের চাহিদা ও প্রয়োজন মোতাবেক জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখার লক্ষে পদক্ষেপ গ্রহণ।
- ২) বন্যা চলাকালীন সময়ে নলকূপ উঁচু করণ, পানি বিশুদ্ধ করণ ট্যাবলেট, ফিটকিরি, ব্লিচিং পাউডার ইত্যাদি বিতরণ করা।